গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রণালয়ের নাম লিখুন
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.২৪৫

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

১। আবহাওয়ার সতর্কবার্তা:

সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও বাংলাদেশের উপকূলীয় এলাকায় গভীর সঞ্চালনশীল মেঘমালা সৃষ্টি হচ্ছে। এর প্রভাবে বাংলাদেশের উপকূলীয় এলাকা, উত্তর বঙ্গোপসাগর এবং সমুদ্র বন্দরসমূহের উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।
চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে তিন নম্বর (পুনঃ) তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।
উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি এসে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

২। আজ ১২ সেপ্টেম্বর ২০২৪ তারিখ সকাল ০৯:০০ টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ

যশোর, কুষ্টিয়া, মাদারীপুর, ফরিদপুর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী এবং কুমিল্লা অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১(এক) নম্বর (পুনঃ) ১(এক) নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। আজ ১২ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থা: পূর্ব মধ্য প্রদেশ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত নিম্নচাপটি উত্তর-উত্তরপশ্চিম দিকে সামান্য অগ্রসর হয়ে বর্তমানে উত্তর-পূর্ব মধ্য প্রদেশ ও তৎসংলগ্ন দক্ষিণ উত্তর প্রদেশ এলাকায় অবস্থান করছে। এটি ধীর গতিতে আরো উত্তর-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হতে পারে। মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ পাঞ্জাব, হরিয়ানা, স্থল নিম্নচাপের কেন্দ্রস্থল, উড়িষ্যা, গাঙ্গেয় পশ্চিম বঙ্গ ও বাংলাদেশের দক্ষিণাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী থেকে প্রবল অবস্থায় রয়েছে। বাংলাদেশের উপকূল এবং তৎসংলগ্ন উত্তর বঙ্গোপসাগর এলাকায় পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে একটি লঘুচাপ সৃষ্টির সম্ভাবনা রয়েছে।

পূর্বাভাসঃ

প্রথম দিন (১২.০৯.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর, রাজশাহী ও ময়মনসিংহ বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা (১-২) ডিগ্রী সে. হ্রাস পেতে পারে।

দ্বিতীয় দিন (১৩.০৯.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে

অতি ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সমান্য হ্রাস পেতে পারে।

তৃতীয় দিন (১৪.০৯.২০২৪ তারিখ সকাল ০৯ টা থেকে):

বৃষ্টিপাত: রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রা: সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা: বৃষ্টিপাতের প্রবণতা হ্রাস পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	রাজশাহী	রংপুর	ময়মনসিংহ	সিলেট	চট্টগ্রাম	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৬.০	৩৬.৩	**৩৬.৫**	৩৫.০	৩৫.৫	৩৫.৫	**৩৫.৫**	৩৫.০
সর্বনিম্ন তাপমাত্রা	২৬.৯	২৬.৫	**২৫.৩**	২৭.২	২৬.০	২৪.৮	২৫.০	**২৪.০**

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল রংপুর ৩৬.৫^{O} সে. এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা খেপুপাড়া ২৪.০^{O} সে।
(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

৪। বৃষ্টিপাত ও নদ-নদীর অবস্থা:
(২৮ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ /১২ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ)

এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাসঃ

- দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।
- চট্টগ্রাম বিভাগের ফেণী, মুহুরী, হালদা, সাঙ্গু ও মাতামুহুরি নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, অপরদিকে গোমতী নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে। আবহাওয়া সংস্থাসমূহের পূর্বাভাস অনুযায়ী, দেশে এবং উজানে ভারী বৃষ্টিপাতের প্রবণতার প্রেক্ষিতে, আগামী ০৩ দিন চট্টগ্রাম বিভাগের নদীসমূহের পানি সমতল দ্রুত বৃদ্ধি পেতে পারে এবং চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, ফেণী, কুমিল্লা, নোয়াখালী, লক্ষ্মীপুর জেলার কতিপয় নিম্নাঞ্চল প্লাবিত হতে পারে।
- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীর পানি সমতল ধীর গতিতে হ্রাস পাচ্ছে, যা আগামী ০৫ দিন পর্যন্ত অব্যাহত থাকতে পারে এবং বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।
- গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল ধীর গতিতে হ্রাস পাচ্ছে, যা আগামী ০৩ দিন পর্যন্ত অব্যাহত থাকতে পারে এবং পরবর্তি ২ দিন পানি সমতল স্থিতিশীল থাকতে পারে, তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।
- রংপুর বিভাগের তিস্তা, ধরলা ও দুধকুমার নদীসমূহের পানি সমতল ধীর গতিতে হ্রাস পাচ্ছে। আগামী ০২ দিন পর্যন্ত এসকল নদীসমূহের পানি সমতল ধীর গতিতে হ্রাস পেতে পারে এবং পরবর্তি ২৪ ঘণ্টায় পানি সমতল স্থিতিশীল থাকতে পারে, তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।
- সিলেট বিভাগের সুরমা ও কুশিয়ারা অন্যান্য প্রধান নদীসমূহ-মনু, সারিগোয়াইন, ধলাই, খোয়াই ইত্যাদির পানি সমতল হ্রাস পাচ্ছে, যা ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে। পরবর্তি ০২ দিন সিলেট বিভাগের নদীসমূহের পানি সমতল স্থিতিশীল থাকতে পারে, তবে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হতে পারে।
- বরিশাল ও খুলনা বিভাগের নদীসমূহের পানি সমতল স্থিতিশীল আছে। আবহাওয়া সংস্থাসমূহের পূর্বাভাস অনুযায়ী, দেশে ভারী বৃষ্টিপাতের প্রবণতার প্রেক্ষিতে, আগামী ০৩ দিন বরিশাল ও খুলনা বিভাগের নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে।

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন: নেই।

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত নদীর নাম	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম	বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম	মৌসুমী বিপদসীমা (মিটার)	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	মৌসুমী বিপদসীমার উপরে (সে.মি.)
-	-	-	-	-	-	-

গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য

বাংলাদেশের অভ্যন্তরে:

স্টেশন	বারিপাত (মি.মি.)	স্টেশন	বারিপাত (মি.মি.)

টেকনাফ (কক্সবাজার)	১২৪.০	রামগড় (চট্টগ্রাম)	৯৭.০
চাঁদপুর	৬০.০	কক্সবাজার	৫৭.০

ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলেঃ

স্টেশন	বারিপাত (মি.মি.)
সুনামুরা (ত্রিপুরা)	৪২.০

নদ-নদীর অবস্থা

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১১৬	গেজ স্টেশন বন্ধ আছে	০০
বৃদ্ধি	**২০**	গেজ পাঠ পাওয়া যায়নি	০০
হ্রাস	**৯৫**	মোট তথ্য পাওয়া যায়নি	০০
অপরিবর্তিত	**০১**	বিপদসীমার উপরে স্টেশন সংখ্যা	০০
পর্যবেক্ষণকৃত স্টেশনসমূহের তথ্যের ভিত্তিতে			
বিপদসীমার উপরে জেলার সংখ্যা	**০০**	**বিপদসীমার উপরে নদীর সংখ্যা**	**০০**
বিপদসীমার উপরে নদীসমূহের নাম	-		
বিপদসীমার উপরে জেলার নাম	-		

৫। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১২ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ

ক্রঃ নং	**বিভাগের নাম**	**অগ্নিকান্ডের সংখ্যা**	**আহতের সংখ্যা**	**নিহতের সংখ্যা**
১।	ঢাকা	২	০	০
২।	ময়মনসিংহ	০	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	৫	০	০
৬।	চট্টগ্রাম	০	০	০
৭।	খুলনা	১	০	০
৮।	রংপুর	২	০	০
	মোট	**১২**	**০**	**০**

১২-০৯-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
৮৮০-৫৮৮১১৬৫১ (ফোন)
৮৮০-২-৯৮৯১৯২৬ (ফ্যাক্স)
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১, এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

স্মারক নম্বর:

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;
৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ;
৪। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
৫। বিভাগীয় কমিশনার (সকল);
৬। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।;
৭। জেলা প্রশাসক (সকল);
৮। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
৯। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
১০। প্রোগ্রামার (চলতি দায়িত্ব), আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং
১১। সহকারী পরিচালক (সকল)।

১২-০৯-২০২৪
জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা